# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

পরিচালকের কার্যালয়
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো
পানি ভবন, ৭২ গ্রীনরোড (পান্থপথ), ঢাকা।
ফোনঃ

OFFICE OF THE DIRECTOR
DTE. OF ESTATE & TRANSPORT, BWDB
PANI BHABAN, 72 GREENROAD, DHAKA.
PHONE:

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৫.৩১.৪২২.০০১.২০-১৭২ তারিখঃ ১১/১১/২০২০খ্রিঃ

**বিষয়ঃ-** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের যৌথ মালিকানাধীন ঢাকার পরীবাগস্থ নবাব হাবিবুল্লাহ সড়ক হতে হাতিরপুল পর্যন্ত সংযোগ সড়ক প্রশস্তকরণ প্রসঙ্গে।

*সূত্রঃ বাবিউবো সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, এর স্মারক নং- ২৭.১১.০০০০.২১৪.২১.০০১.১৯-৮০১ তারিখঃ ২৯-১০-২০২০খ্রিঃ*

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের যৌথ মালিকানাধীন ঢাকার পরীবাগস্থ এলাকায় রমনা মৌজায় ইপি ওয়াপদা কর্তৃক অফিসার্স কলোনী নির্মাণের জন্য ৭ নং রমনা মৌজায় Cadastal Survey (CS)জরীপে ৩৭ নং দাগের সম্পূর্ণ অংশে ভূমি অধিগ্রহণ করা হয়। অতঃপর উক্ত জমিতে পরীবাগ ইপি ওয়াপদা অফিসার্স কোয়ার্টার্স নির্মাণ করা হয়। পরবর্তীতে State Acquisition (SA)জরীপের রেকর্ডে ওয়াপদার নামে এবং বর্তমানে সিটি জরীপের রেকর্ডে ৭ নং রমনা মৌজার ১৫ নং খতিয়ানে ১০ নং দাগে ১.৩৭৩৬ একর জমি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নামে রেকর্ডভূক্ত আছে (কপি সংযুক্ত)। উল্লিখিত জমির রেকর্ডীয় হিস্যার মধ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মালিকানা ৫০% এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের মালিকানা ৫০% বিদ্যমান। উল্লিখিত ভূমির সম্পূর্ণ উন্নয়ন কর ও পৌর কর হাল সন পর্যন্ত বাপাউবো কর্তৃক পরিশোধিত (কপি সংযুক্ত)। বর্তমানে Bangabandhu Sheikh Mujib Medical Unversity (BSMMU) কর্তৃক রাস্তা প্রশস্তকরণের যে পদক্ষেপ নেওয়া হয়েছে তার সাথে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড জমির মালিকানা হিসেবে সম্পূর্ণ একমত। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক সূত্রোস্থ স্মারকে ১০ ফুট রাস্তা প্রশস্তকরণে উভয় বোর্ডের সার্ভেন্টস কোয়ার্টার্স, পানির পাম্প, দেয়াল ও গ্যারেজ ক্ষতিগ্রস্থ হবে। উক্ত রাস্তার কারণে কোয়ার্টার্স এর দেয়াল, পানির পাম্প, গ্যারেজ, সার্ভেন্টস কোয়ার্টার্স অপসারণ ও পুনঃনির্মাণের প্রয়োজন হবে। উক্ত অবকাঠামোর পুনঃনির্মাণ ব্যয়ের সংস্থান কি প্রক্রিয়ায় হবে তার কোন উল্লেখ নেই এবং এ ব্যাপারে পানি উন্নয়ন বোর্ডকে ইতোপূর্বে জমির মালিক হিসেবে সম্পৃক্ত করা হয়নি।

**বাবিউবো এর সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে বাপাউবো কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-**

ক) পরীবাগের জমি যেহেতু উভয় সংস্থার যৌথ সম্পত্তি সেহেতু বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একককভাবে সিদ্ধান্ত নেওয়াটা(বাবিউবো এর স্মারক নং- পূনিবি-১/প্রঃ/২০৩/২০২০/১৭২, তারিখঃ ১৮/১০/২০২০খ্রিঃ) বাপাউবো সমীচীন মনে করে না।

খ) পরীবাগস্থ অফিসার্স কোয়ার্টারের বাউন্ডারি ওয়াল, গ্যারেজ, পানির পাম্প ও সার্ভেন্টস কোয়ার্টার্স অপসারণ ও পুনঃনির্মাণ ব্যয়ভার ত্রিপক্ষীয় (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ) সমঝোতা চুক্তির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।

মহাপরিচালক মহোদয়ের আদেশক্রমে এ পত্র জারী করা হলো।

(মোঃ আনোয়ারুল কামাল) ১১/১১/২০
পরিচালক
পরিচিতি নং ঃ ৬৪০৩০১০০১
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা।

চেয়ারম্যান,
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,
মতিঝিল, ওয়াপদা ভবন, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৫.৩১.৪২২.০০১.২০-১৭২ তারিখঃ ১১/১১/২০২০খ্রিঃ

সদয় অবগতির জন্যঃ

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। মাননীয় উপ-মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(উপ-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত সচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আনোয়ারুল কামাল) ১১/১১/২০
পরিচালক
পরিচিতি নং ঃ ৬৪০৩০১০০১
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৫.৩১.৪২২.০০১.২০-১৭২ তারিখঃ ১১/১১/২০২০খ্রিঃ

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)**

১। রেজিস্ট্রার, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা। ইহা তাঁহার স্মারক নং- বিএসএমএমইউ/২০২০/৯৫১৬ তারিখঃ ০১/১১/২০২০খ্রিঃ।

২। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

৩। প্রধান প্রকৌশলী, পূর্তকর্ম, বিউবো, ঢাকা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ। (ইহা তাঁর স্মারক নং- ড্রে.সা.সা./ ব্যঃ নং- ৮১/১৬৪, তারিখঃ ২৫/১০/২০২০খ্রিঃ এর প্রেক্ষিতে)।

৬। পরিচালক, ভূমি ও রাজস্ব, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।

৭। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাবিউবো, ঢাকা।

৮। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা। (ইহা তাঁর স্মারক নং- ১৮৫- বাপাউবো/কল্যাণ/২০২০ তারিখঃ ২০/১০/২০২০খ্রিঃ এর প্রেক্ষিতে।

৯। নির্বাহী প্রকৌশলী, পূর্ত নির্মাণ বিভাগ-১, বাপাউবো, ঢাকা।

১০। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

১১। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।

১২। পিএ টু অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।

১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।

১৪। অফিস/মাস্টার কপি।

(সৈয়দ আব্দুর রহিম)
উপ-পরিচালক (আবাসন)
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।